জলাধার রক্ষায় বাংলাদেশে ইতিবাচক উদ্যোগ

সৈয়দ মাহবুবুল আলম

পরিচালক, ডাব্লিউবিবি ট্রাস্ট

WBB Trust *Work for a Better Bangladesh*

ঢাকার নদী ও জলাধারের অবস্থা

- ঢাকায় নদী, খাল দখল ও দূষণ চলছে;
- নদী রক্ষায় আদালতের নির্দেশনা উপেক্ষা;
- খালগুলোর রক্ষায় ধারাবাহিত ও সমন্বিত উদ্যোগ নেই;
- পুকুর রক্ষায় উদ্যোগ আশানূরূপ নয়;

A photo taken near the second Buriganga bridge last year shows raw sewage pouring into the river, the lifeline of the capital.

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার দখল,দুষণ সারা দেশ জুড়ে

- প্রাকৃতিক জলাধার দখল ও দূষণ করছে
- ব্যক্তিগত জলাধার ভরাট হচ্ছে
- ভূগর্ভস্থ পানির উপর নির্ভরতা বাড়ছে

এ নদী বাঁচাতে হবে

প্রথম আলো

ভৈরবে নির্বিচারে জলাভূমি ভরাট

বরিশালে আরেকটি
'পুকুর হত্যা'

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষার আন্দোলন ছড়িয়ে পড়ছে

- এক সময় জোরালোভাবে শুধুমাত্র ঢাকায় পরিবেশবাদী সংগঠনগুলো সোচ্চার ছিল
- ব্যক্তি, স্থানীয় সংগঠন, বিভিন্ন সংগঠন আন্দোলনে এগিয়ে আসছে;
- ঢাকার বাইরেও আন্দোলন সংগঠিত হচ্ছে;

জকিগঞ্জের আমলসীদে বরাক মোহনায় মানববন্ধ

সংবাদ
Dhaka : Sunday 17 June 2012

প্রভাবশালীদের দখলে নবগঙ্গা
ফুঁসে উঠেছেন এলাকাবাসী

WBB Trust Work for a Better Bangladesh

গণমাধ্যম ও সোশ্যাল মিডিয়ার জোরদার ভূমিকা

- জলাধার দখল দূষণের তথ্য তুলে ধরা;
- দখল দূষণে বন্ধের প্রতিবাদ কর্মসূচীকে গুরুত্বের সাথে প্রকাশ;
- দখল দূষণের রোধে অগ্রগতি মনিটরিং ও প্রতিবেদন প্রকাশ;
- গণমাধ্যমকর্মীরা সংগঠিত হচ্ছে;

WBB Trust Work for a Better Bangladesh

তিতাস একটি খুন হওয়া নদীর নাম!

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় সরকারের পদক্ষেপ

- নদী রক্ষায় নদী কমিশন
- দখল ও দূষণের বিরুদ্ধে পরিবেশ অধিদপ্তরের নিয়মিত জরিমানা ও পদক্ষেপ
- হাতিরঝিল ও বুড়িগঙ্গার পাড় বাধাই করার পদক্ষেপ
- ঢাকার কিছু খাল উদ্ধারে পদক্ষেপ গ্রহণ
- বিভিন্ন জেলা প্রশাসনের জলাধার রক্ষায় উদ্যোগ গ্রহণ
- পরিবেশ আইন সংশোধন ১৯৯৫ সংশোধন এবং জলাধার রক্ষার বিধানযুক্ত

নদী দূষণের জন্য ৩৮ লাখ টাকা জরিমানা পারটেক্সে

Thu, Dec 15th, 2011 6:40 pm BdST

৭ জুন ২০১২ বৃহস্পতিবার যায়যায়দিন

শীতলক্ষ্যা দূষণ : এসিআই লবণ কারখানাকে ১০ লাখ টাকা জরিমানা

নারায়ণগঞ্জ প্রতিনিধি

শীতলক্ষ্যা নদী ও পরিবেশ দূষণের অভিযোগে নারায়ণগঞ্জের রূপগঞ্জে এসিআই সল্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড নামের একটি লবণ উৎপাদন কারখানাকে ১০ লাখ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তর।

বুধবার পরিবেশ অধিদপ্তরের পরিচালক (এনফোর্সমেন্ট) মোহাম্মদ মুনীর চৌধুরী

প্রথম আলো

শুক্রবার, ৭ সেপ্টেম্বর ২০১২

মেঘনা নদীদূষণ

কারখানা বন্ধের নির্দেশ ২৫ লাখ টাকা জরিমানা

মুন্সিগঞ্জ প্রতিনিধি

মুন্সিগঞ্জের গজারিয়া উপজেলায় পাইওনিয়ার পেপার অ্যান্ড বোর্ড মিলস লি. নামের একটি কারখানাকে মেঘনা নদী দূষণের দায়ে ২৫ লাখ টাকা জরিমানা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার পরিবেশ অধিদপ্তরের পরিচালক (এনফোর্সমেন্ট) মোহাম্মদ মুনীর চৌধুরী এ জরিমানা করেন। একই সঙ্গে কারখানাটি বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে।

পরিবেশ অধিদপ্তর সূত্র জানায়,

দৈনিক ইত্তেফাক

বুধবার ২৩ জ্যৈষ্ঠ ১৪১৯

৬ জুন ২০১২

ফতুল্লায় শীতলক্ষ্যা দূষণের দায়ে টেক্সটাইল মিলকে জরিমানা

বন্ধ করে দেয়ার নির্দেশ

নারায়ণগঞ্জ প্রতিনিধি

শীতলক্ষ্যা দূষণের দায়ে পরিবেশ অধিদফতর গতকাল মঙ্গলবার সদর উপজেলার ফতুল্লায় আজাদ নীট কম্পোজিট টেক্সটাইলস মিলস লিমিটেড নামের একটি কারখানাকে ৩০ লাখ টাকা জরিমানা করেছে।

জলাধার রক্ষায় অব্যাহত আইনী পদক্ষেপ

- ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে নদী রক্ষায় রীট মামলা
- নদী রক্ষায় মহামাহ্য হাইকোর্টের সুস্পষ্ট নির্দেশনা
- ঢাকা চারপাশের নদী রক্ষায় আদালতের নির্দেশ

sangbad24.net

প্রচ্ছদ | জাতীয় | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | মিডিয়া | আবাসন | পরিবেশ | স্বাস্থ্য | আইসিটি | বিশেষ সংবাদ

Bangla Problem

টপ নিউজ, পরিবেশ, বিশেষ সংবাদ »

পরিবেশ রক্ষায় যুগান্তকারী ভূমিকায় হাইকোর্ট

তারিখঃ জুন ২৭, ২০১২। সময়ঃ ১২:৫৪ পূর্বাহ্ন

প্রিন্ট

বিশেষ প্রতিবেদক, সংবাদ২৪.নেট, ঢাকা: জুডিশিয়াল এক্টিভিজমের মাধ্যমে জনস্বার্থে করা মামলা বা বিভিন্ন পত্রপত্রিকার খবর আমলে নিয়ে পরিবেশ রক্ষায় স্বতঃপ্রনোদিত আদেশ দিয়ে যুগান্তকারী ভূমিকা পালন করছে হাইকোর্ট।

এর ফলে সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের দায়িত্ব হীনতা, অনিয়ম ও অপরাধীদের সঙ্গে যোগসাজেশের বিষয়টি প্রতিরোধ করা সম্ভব হচ্ছে। পরিবেশ রক্ষায় হাইকোর্টের আদেশ বাস্তবায়নে সাধারণ জনগনকেও এগিয়ে আসতে হবে বলে মন্তব্য করেছেন বিজ্ঞ আইনজীবীরা।

গত কয়েক বছরে সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগ প্রতিনিয়ত পরিবেশকে রায় কার্যকর পদপে গ্রহনের জন্য বিভিন্ন আদেশ, নির্দেশনা ও রায় দিয়ে যাচ্ছেন।

পৃথিবীর বৃহত্তম সমুদ্র সৈকত হচ্ছে কক্সবাজার। সেইসাথে

সমকাল

হোম পেজ | সংবাদ | প্রথম পাতা | আন্তর্জাতিক

খবর

নদী রক্ষায় সুনামগঞ্জে আদালতের রুল

সর্বশেষ খবর: নার কলি মার্কেটে আগুন ।*** মগবাজারে সড়ক দূর্ঘটনায় এক ব্যাক্তি নিহত হওয়

প্রচ্ছদ | জাতীয় | সারাবাংলা | রাজনীতি | আন্তর্জাতিক | খেলা | বিনোদন | সব খবর |

নদী রক্ষায় ব্যর্থতা : ৫ সচিবসহ ১১ জনের বিরুদ্ধে আদালত অবমাননার রুল

ঢাকা, ১২ জুলাই (বাংলার চোখ) বুড়িগঙ্গাসহ ঢাকার আশপাশের ৪টি নদী রক্ষায় হাইকোর্টের নির্দেশনা অনুসরণ না করায় ৫ সচিবসহ ১১ জনের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করা হয়েছে। মঙ্গলবার দুপুরে বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি এম মোয়াজ্জাম হোসেনের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করে।
পরিকল্পনা সচিব, নৌপরিবহন সচিব, যোগাযোগ সচিব, অর্থসচিব ও পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ)চেয়ারম্যান, ভূমি জরিপ ও পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক, ঢাকা, গাজীপুর ও নারায়ণগঞ্জের জেলা প্রশাসকের বিরুদ্ধে রুল জারি করা হয়েছে। তাদের বিরুদ্ধে আদালত অবমাননার অভিযোগে কেন ব্যবস্থা নেয়া হবে না, তা ৪ সপ্তাহের মধ্যে জানাতে বলা হয়েছে।

বড়াল নদী রক্ষায় ভবন ভাঙার নির্দেশ

বড়াইগ্রাম সংবাদদাতা
বাংলানিউজটোয়েন্টিফোর.কম

বড়াইগ্রাম (নাটোর) : নাটোরের বড়াইগ্রাম উপজেলার জোনাইলে বড়াল নদীর জমি দখল করে নির্মাণাধীন ভবনটি ভেঙে ফেলার নির্দেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার বিকেল ৫টার মধ্যে ভবনটি ভাঙার নির্দেশ দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সারওয়ার আলম।

সহকারী কমিশনার সারওয়ার আলম বাংলানিউজকে জানান, জোনাইল বাজার সংলগ্ন বড়াল নদীর সরকারি (খাস) জমি দখল করে স্থানীয় আব্দুস সালাম পাকা ভবন নির্মাণ করছেন এমন অভিযোগ ও বিভিন্ন প্রচারমাধ্যমে খবর পেয়ে, সোমবার সরেজমিন পরিদর্শন ও জোনাইল ইউনিয়নের সার্ভেয়ার দ্বারা পরিমাপ করিয়ে অভিযোগের সত্যতা পাওয়া যায়।

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় স্থানীয় সরকারের উদ্যোগ

- রাজশাহী সিটি কর্পোরেশনে ৫৩ টি পুকুর ক্রয়
- দেশের বিভিন্ন স্থানে নদীর পাড় বাধাই করে বিনোদনের ব্যবস্থা
- জলাধার সংরক্ষণ করে বৃষ্টির পানি ধারণ
- জলাধারের পানি ব্যবহার করে ভূগর্ভস্থ পানির ব্যবহার হ্রাস

WBB Trust Work for a Better Bangladesh

বরিশাল সিটি কর্পোরেশনের নদী ও পুকুর রক্ষায় উদ্যোগ

WBB Trust Work for a Better Bangladesh

ময়মনসিংহে জলাধার রক্ষায় উদ্যোগ

WBB Trust Work for a Better Bangladesh

রাজশাহী ও চাপাইনবাবগঞ্জে জলাধার রক্ষা

WBB Trust Work for a Better Bangladesh

সিলেট ও সুনামগঞ্জ জলাধার রক্ষা

WBB Trust Work for a Better Bangladesh

“রাষ্ট্র বর্তমান ও ভবিষ্যৎ নাগরিকদের জন্য পরিবেশ সংরক্ষন ও উন্নয়ন করিবেন এবং প্রাকৃতিক সম্পদ, জীব-বৈচিত্র্য, জলাভূমি, বন ও বন্যপ্রাণির সংরক্ষণ ও নিরাপত্তা বিধান করিবেন।”

বাংলাদেশ সংবিধানের অনুচ্ছেদ ১৮ (ক)

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় আইন

স্থানীয় সরকার আইন (সিটি কর্পোরেশন) ২০০৯

সরকারী জলাধার (তফসিল ৮.১৫)

- সরকারের অনুমতিক্রমে **কর্পোরেশন ব্যক্তি মালিকানাধীন নহে** এবং নগরীর মধ্যে অবস্থিত এইরূপ সকল পানি উৎস, ঝর্ণা, নদী, দীঘি, পুকুর ও ধারা অথবা উহার কোন অংশকে সরকারি জলাধার হিসেবে ঘোষণা করিতে পারিবে।
- সরকার জলাধারে চিত্ত-বিনোদন এবং জীবন রক্ষায় নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং পানি সেচ, পানি নিষ্কাষণ ও নৌ-চলাচল সম্পর্কিত আপাততঃ বলবৎ অন্য কোন আইনের বিধান সাপেক্ষে উহার উন্নয়ন ও সংস্কার করিতে পারিবে।
- কর্পোরেশন জলাধার আইনের বিধান অনুসারে কর্পোরেশনভুক্ত সকল জলাধার রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনার জন্য দায়ী থাকিবে।

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় আইন

স্থানীয় সরকার আইন (পৌরসভা) ২০০৯

সরকারী জলাধার (দ্বিতীয় তফসিল ১৬)

- যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমতিক্রমে পৌরসভা **কর্পোরেশন ব্যক্তি মালিকানাধীন নহে** এবং পৌরসভার মধ্যে অবস্থিত এইরূপ সকল পানি উৎস, ঝর্ণা, নদী, দীঘি, পুকুর ও ধারা অথবা উহার কোন অংশকে সরকারি জলাধার হিসেবে ঘোষণা করিতে পারিবে।
- পৌরসভার প্রবিধান অনুযায়ী কোন সরকারি জলাধারে চিত্ত-বিনোদন এবং জীবন রক্ষায় নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং পানি সেচ, পানি নিষ্কাষণ ও নৌ-চলাচল সম্পর্কিত আপাততঃ বলবৎ অন্য কোন আইনের বিধান সাপেক্ষে উহার উন্নয়ন ও সংস্কার করিতে পারিবে।
- সরকারি জলাধারকে দূষণমুক্ত রাখিবার লক্ষ্যে, যদি কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ দূষিত করিবার প্রয়াস চালায় বা দূষিত করেন বা দূষণের সহিত জড়িত থাকেন, তাহা হইলে পৌরসভা তাহাদের বিরুদ্ধে, শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।
- যে ক্ষেত্রে দূষণের উৎস মূল পৌরসভা বর্হিভূত হয় সেই ক্ষেত্রে পৌরসভা প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিবে।

WBB Trust *Work for a Better Bangladesh*

জলাধার রক্ষায় আইন

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০

(কক) জলাধার অর্থ নদী, খাল, বিল, হাওড়, বাওড়, দীর্ঘি, পুকুর, ঝর্ণা, বা **জলাশয় হিসাবে সরকারি ভূমি রেকর্ডে চিহ্নিত ভূমি, বা সরকার, স্থানীয় সরকার বা সরকার কোন সংস্থা কর্তৃক সরকারী গেজেট প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত কোন জলাভূমি, বন্যা প্রবাহ এলাকা, সলল পানি ও বৃষ্টি পানি ধারণ করে এমন কোন ভূমি;**

৬ঙ। জলাধার সম্পর্কিত বাধা-নিষেধ। আপাততঃ বলবৎ অন্য কোন আইনের যাহা কিছুই থাকুক না কেন, জলাধার হিসেবে চিহ্নিত জায়গা ভরাট বা অন্য কোনভাবে শ্রেনী পরিবর্তন করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, অপরিহার্য জাতীয় স্বার্থে অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণক্রমে জলাধার সম্পর্কিত বাধা নিষেদ শিথিল করা যাইতে পারে।

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় আইন

মহানগরী, বিভাগীয় শহর ও জেলা শহরের পৌর এলাকাসহ দেশের সকল পৌর এলাকার খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদান এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষন আইন, ২০০০

* ‘‘প্রাকৃতিক জলাধার’’ অর্থ নদী, খাল, বিল, দীঘি, ঝর্ণা বা জলাশয় হিসেবে মাষ্টার প্লানে চিহ্নিত বা সরকার, স্থানীয় সরকার বা কোন সংস্থা কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বন্যা প্রবাহ এলাকা হিসাবে ঘোষিত কোন জায়গা এবং সলিল পানি এবং বৃষ্টির পানি ধারণ করে এমন কোন ভূমিও ইহার অন্তর্ভূক্ত হইবে;

* খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান ও প্রাকৃতিক জলাধারের শ্রেনী পরিবর্তনে বাধা-নিষেধ।

এই আইনের বিধান অনুযায়ী ব্যতীত, খেলার মাঠ, উন্মুক্ত স্থান, উদ্যান এবং প্রাকৃতিক জলাধার হিসেবে চিহ্নিত জায়গার শ্রেণী পরিবর্তন করা যাইবে না বা উক্তরূপ জায়গা অন্য কোনভাবে ব্যবহার করা যাইবে না বা অনুরূপ ব্যবহারের জন্য ভাড়া,ইজারা বা অন্য কোনভাবে হস্তান্তর করা যাইবে না।

* ব্যাখা।- এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, কোন উদ্যানের মৌলিক বৈশিষ্ট্য নষ্ট হয় এইরূপে উহার বৃক্ষরাজি নিধনকে উদ্যানটির শ্রেণী পরিবর্তন রূপে গণ করা হইবে।

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় বিদ্যমান আইন ও প্রতিবন্ধকতা

- ব্যক্তি মালিকাধীন পুকুর বা জলাধার রক্ষায় আইনের দূর্বলতা ও সীমাবদ্ধতা
- স্থানীয় সরকারের সাথে পরিবেশ অধিদপ্তর, আইন প্রয়োগকারী ও অন্যান্য প্রতিষ্ঠানের সমন্বয়হীনতা
- আইন প্রয়োগে লোকবল ও পরিকল্পনা অভাব
- জলাধার রক্ষায় আর্থিক বরাদ্দের সীমাবদ্ধতা
- স্থানীয় সরকারের জনপ্রতিনিধিদের জলাধার রক্ষার আইন সম্পর্কে সচেতনতার অভাব
- আইন প্রয়োগে জনগণের সম্পৃক্ত না থাকা
- পরিবেশ সম্মত জলাধার রক্ষায় কারিগরি জ্ঞানের সীমাবদ্ধতা

WBB Trust Work for a Better Bangladesh

জলাধার রক্ষায় সুপারিশ

- ব্যক্তিগত ও প্রাকৃতিক জলাধার চিহ্নিত ও সংরক্ষনে স্থানীয় সরকার, পানি সম্পদ ও অন্যান্য মন্ত্রণালয় ও সংস্থাসমূহের পরিকল্পিত যৌথ উদ্যোগ গ্রহণ;
- জলাধার রক্ষায় একটি সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা;
- জলাধার রক্ষার আইন বাস্তবায়নে পরিবেশ অধিদপ্তর ও পুলিশ বিভাগের সাথে স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রমের সমন্বয় সাধন;
- জলাধার রক্ষায় বাজেট বরাদ্ধ;
- ব্যক্তিগত ও প্রাকৃতিক জলাধার সংরক্ষনে কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থা জোরদার;
- পরিবেশ সম্মত জলাধার সংরক্ষনে স্থানীয় সরকারের দক্ষতা বৃদ্ধি;
- জলাধার সংরক্ষনের সুবিধা বিষয়ে জনসচেতনা জোরদার;
- দেশের বিভিন্ন স্থানে জলাধার সংরক্ষনের আন্দোলনরত ব্যক্তি প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন;
- জলাধার রক্ষার আইন বাস্তবায়নে জনসম্পৃক্ততা বৃদ্ধি করা;

WBB Trust Work for a Better Bangladesh